

ভোরের কাক

১৫/৭/২০০১

তারিখ ... ..  
পৃষ্ঠা ১০ ... ..

ছাত্রত্রৈক্যের অভিযোগ

ক্যাম্পাস দখল প্রতিযোগিতা  
ও পুলিশি হয়রানিতে  
পরিবেশ নষ্ট হচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রত্রৈক্য নেতারা বলেছেন, ক্যাম্পাস দখলকে কেন্দ্র করে ছাত্রলীগ-ছাত্রদলের মুখোমুখি অবস্থান ও রণপ্রস্তুতি এবং পুলিশ বাহিনীর নিরাপত্তা রক্ষার নামে শিক্ষার্থী-শিক্ষক হয়রানি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশকে বিনষ্ট করেছে।

ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্রমৈত্রী প্রভৃতি বাম সংগঠনের সমন্বয়ে গঠিত কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রত্রৈক্য নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্দ্রীনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন।

নেতৃবৃন্দ বলেন, বিএনপির শাসনামলে শিক্ষা প্রতিষ্ঠান দখলকারী ছাত্রদল ৫ বছর দখলদারিত্বের বাইরে থেকে এখন রাষ্ট্রীয় পট পরিবর্তনের সন্ধিক্ষণে আবার হল দখলের জন্য মরিয়া হয়ে উঠেছে। অন্যদিকে ছাত্রলীগও যে কোনো মূল্যে দখলদারিত্ব রক্ষার ঘোষণা দিয়ে হলসমূহে সন্ত্রাসীদের জড়ো করেছে।

ছাত্রত্রৈক্য নেতৃবৃন্দ ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর ভূমিকার সমালোচনা করে বলেন, তিনি বিগত ৫ বছর ধরে পুলিশের সহায়তায় ছাত্রলীগের সন্ত্রাসীদের ঢাবির হলগুলোতে নিরঙ্কুশ দখলদারিত্ব প্রতিষ্ঠা করতে সহায়তা করেছেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন দীপঙ্কর সাহা দীপু।